

আরব আমিরাতে উড়োজাহাজ বিধ্বস্তে নিহত ২

- A Monitor Desk Report

Date: 31 December, 2024



সংযুক্ত আরব আমিরাতে: দেশটির উপকূলীয় শহর রাস আল খাইমাতে একটি ছোট উড়োজাহাজ বিধ্বস্ত হয়েছে। এ ঘটনায় পাকিস্তানি এক পাইলটসহ দুইজন নিহত হয়েছেন।

রবিবার (২৯ ডিসেম্বর) সৈকতে অবতরণের সময় সমুদ্রে বিধ্বস্ত হয় উড়োজাহাজটি।

মঙ্গলবার(৩১ ডিসেম্বর)সংবাদমাধ্যমের প্রতিবেদনে জানানো হয়, নিহত ওই পাকিস্তানি পাইলট হলেন ২৬ বছর বয়সী ফ্রিয়াঞ্জা পারভীন। তার সঙ্গে ওই উড়োজাহাজে ছিলেন ভারতীয় ডাক্তার সুলাইমান আল মজিদ। তার বয়সও ২৬ বছর।

সংবাদমাধ্যম জানায়, উড়োজাহাজটি স্থানীয় সময় দুপুর ২টার দিকে কভ রোটানা হোটেলের কাছে সৈকতে অবতরণ করার সময় বিধ্বস্ত হয়। ঘুরে ঘুরে আরব আমিরাতে দর্শনীয় স্থান দেখার জন্য এটি ভাড়া করা হয়েছিল।

বিধ্বস্ত উড়োজাহাজটি ছিল প্রাইভেট ট্যুরিজম এভিয়েশনের। পর্যটকদের জন্য ব্যবহার করা এই উড়োজাহাজটি বিধ্বস্ত হয়ে সমুদ্রে পড়ে যায়।

আমিরাতে দূতাবাস জানিয়েছে, সোমবার (৩০ ডিসেম্বর) নিহত ওই পাইলটের মৃতদেহ পাকিস্তানে পাঠানো হয়েছে।

গত কয়েকদিন ধরে বিশ্বের নানান প্রান্তে বিমান দুর্ঘটনা ঘটছে। যার শুরু হয়েছিল ২৫ ডিসেম্বর, আজারবাইজানের একটি বিমান রাশিয়ায় বিধ্বস্ত হওয়ার মাধ্যমে। এই দুর্ঘটনায় প্রায় হারান ৩৮ জন। এরপর দক্ষিণ কোরিয়ায় বিমান বিধ্বস্ত হয়ে ১৭৯ জনের মৃত্যু হয়।

